আইজিপি হচ্ছেন বেনজীর আহমেদ, র্যাবের ডিজি আব্দুল্লাহ আল মামুন

র্যাবের মহাপরিচালক ড. বেনজীর আহমেদ পুলিশের নতুন আইজি ও সিআইডি’র প্রধান চৌধুরী আব্দুল্লাহ আল মামুনকে র্যাবের মহাপরিচালক নিযুক্ত করতে যাচ্ছে সরকার। মঙ্গলবার (৭ এপ্রিল) দুপুরে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সংক্রান্ত সারসংক্ষেপ অনুমোদন দেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্র জানায়, গত সোমবার মন্ত্রিপরিষদের বৈঠকের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুলিশের আইজির মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগেই নতুন আইজি নিয়োগের জন্য দ্রুত সারসংক্ষেপ পাঠাতে মন্ত্রী ও সচিবকে নির্দেশনা দেন। এরপর গত সোমবার স্বরাষ্ট্রমন্ত্রীর বাসায় জননিরাপত্তা বিভাগের সচিব মোস্তাফা কামাল উদ্দীন, অতিরিক্ত সচিব মু. মোহসিন চৌধুরী, যুগ্মসচিব (পুলিশ-১) ড. মো. হারুন অর রশিদ বিশ্বাস, উপসচিব (পুলিশ-১) ধনঞ্জয় কুমার দাসকে নিয়ে এক বৈঠকে সারসংক্ষেপ তৈরি করেন।

মঙ্গলবার দুপুরের পর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের উপসচিব (পুলিশ-১) ধনঞ্জয় কুমার দাস গণভবনে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের কাছে সারসংক্ষেপ পৌঁছে দেন। এরপর প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সারসংক্ষেপ অনুমোদন করেন।

উল্লেখ্য, আগামী ১৩ এপ্রিল বর্তমান আইজিপি জাবেদ পাটোয়ারীর মেয়াদ শেষ হয়ে যাচ্ছে। তার স্থলে র্যাবের মহাপরিচালক ড. বেনজীর আহমেদকে পুলিশের ৩০তম আইজি হিসেবে নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। বর্তমান আইজিপি ড. জাবেদ পাটোয়ারীকে মধ্যপ্রাচ্যের একটি দেশে রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ দেওয়া হতে পারে।

করোনায় ২৪ ঘণ্টায় ৫ জনের মৃত্যু, আক্রান্ত ৪১

গত ২৪ ঘণ্টায় দেশে আরো ৪১ জন করোনা রোগী শনাক্ত হয়েছে। এছাড়া মৃত্যু হয়েছে ৫ জনের। আজ মঙ্গলবার দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন বিফ্রিংয়ে এ তথ্য জানানো হয়।

বিফ্রিং করেন স্বাস্থ্য অধিদপ্তরের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক মীরজাদী সেব্রিনা ফ্লোরা।
তিনি জানান, গত ২৪ ঘণ্টায় করোনা রোগীর সংখ্যা বেড়েছে। এনিয়ে মোট রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৬৪ জন। মৃত্যু বেড়ে হয়েছে ১৭ ব্রিফিংয়ে আরো উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহা পরিচালক আবুল কালাম আজাদ। তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৭৯২ জনের নমুনা সংগ্রহ করা হয়েছে।

এছাড়া হোম কোয়ারেন্টিনে নেয়া হয়েছে ৬০৬ জনকে।

অবশেষে রাস্তায় জন্ম নিল নবজাতক

গাইবান্ধা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে সন্তান প্রসবের জন্য এসে তাদের অসহযোগিতায় ফিরে যাবার সময় রাস্তায় প্রসব করতে বাধ্য হলেন এক মা। ঘটনাটি ঘটেছে সোমবার রাত ৮ টার দিকে মা ও শিশু কল্যাণ কেন্দ্র থেকে ২০০ গজ দূরে মধ্যপাড়া সরকারি বিদ্যালয়ের সামনের রাস্তায়। নবজাতক জন্ম দেয়া ওই মায়ের নাম মিষ্টি আকতার (২০)। তিনি সদর উপজেলার লক্ষ্মীপুর ইউনিয়নের গোবিন্দপুর গ্রামে আব্দুর রশিদের স্ত্রী। এ ঘটনায় বিক্ষুব্ধ লোকজন মাতৃসদন ঘেরাও করে।

নবজাতকের পরিবার ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, আব্দুর রশিদ তার স্ত্রীর প্রসব ব্যথা উঠলে দ্রুত তাকে গাইবান্ধা মা ও শিশু

কল্যাণ কেন্দ্রে নিয়ে যান। কিন্তু কেন্দ্রের দায়িত্বরত কর্মী তৌহিদা বেগম কোন রকম পরীক্ষা নিরীক্ষা ছাড়াই অন্তঃসত্ত্বাকে অন্যত্র নিয়ে যেতে বলেন। রোগীর লোকজন একাধিকবার অনুরোধ করা সত্ত্বেও তৌহিদা বেগম কোন কর্ণপাত করেননি। ফলে বাধ্য হয়ে অন্যত্র নিয়ে যাওয়ার পথে মাত্র ২০০ গজ দূরে মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের রাস্তায় মহিলা চিৎকার শুরু করেন এবং একটি ছেলে সন্তান প্রসব করেন। তাদের চিৎকারে লোকজন এগিয়ে এসে দেখতে পান রাস্তার উপর অটোবাইকে একটি সন্তান জন্ম দিয়েছেন মা। সন্তান প্রসবের পর মায়ের প্রচুর রক্তক্ষরণ হতে থাকে। এসময় জনতা ক্ষিপ্ত হয়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্র ঘেরাও করে। পরে বাধ্য হয়ে কেন্দ্র কর্তৃপক্ষ পরবর্তী চিকিৎসা প্রদান করে।

গাইবান্ধা পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর শহিদ আহমেদ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি পর্যবেক্ষণ করেন এবং সংশ্লিষ্টদের যথাযথ চিকিৎসা প্রদানের আহবান জানান। গাইবান্ধা মা ও শিশু কল্যাণ কেন্দ্রের চিকিৎসক ডা. সেকেন্দার আলী বলেন, বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

করোনায় কোন জেলায় কতজন আক্রান্ত

দেশব্যাপী করোনাভাইরাসে এ পর্যন্ত ১২৩ জন আক্রান্ত হয়েছেন। এখন পর্যন্ত বাংলাদেশে ১৫টি জেলায় করোনা আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে।

ঢাকায় করোনায় আক্রান্তের সংখ্যা ৬৪ জন। ঢাকার ছাড়া অন্যান্য জেলায় আক্রান্তের সংখ্যা- নারায়ণগঞ্জে ২৩, মাদারীপুরে ১১, চট্টগ্রামে ২, কুমিল্লায় ১, গাইবান্ধায় ৫, চুয়াডাঙ্গায় ১, গাজীপুরে ১, জামালপুর ৩, শরীয়তপুরে ১, কক্সবাজারে ১, নরসিংদীতে ১, মৌলভীবাজারে ১, সিলেটে ১, রংপুরে ১ এবং ঢাকার মহানগরীর বাইরে চার উপজেলায় ৪ জন করোনা আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে।

সোমবার দুপুরে অনলাইনের মাধ্যমে ব্রিফিংয়ে এ সব তথ্য জানান স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক ডা. আবুল কালাম আজাদ।
সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন- জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

ছবি তুলে ত্রাণ কেড়ে নিলেন চেয়ারম্যান

ত্রাণ দেওয়ার ছবি তোলার পর ২৬টি পরিবারের কাছ থেকে তা কেড়ে নেওয়ার অভিযোগ উঠেছে চট্টগ্রামের হাটহাজারীর এক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে। এর প্রতিবাদ করতে গিয়ে চেয়ারম্যান ও তার লোকজনের হাতে মারধরের শিকার হয়েছেন অসহায় পরিবারগুলো। গতকাল দুপুরে হাটহাজারী উপজেলার মির্জাপুর ইউনিয়ন পরিষদে এ ঘটনা ঘটে।

মারধরের শিকার পরিবারগুলো এ ঘটনার জন্য দায়ী করেছেন স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল আবছারকে। অভিযুক্ত নুরুল আবছার হাটহাজারী উপজেলা আওয়ামী লীগের প্রভাবশালী নেতা হিসেবে পরিচিত। তার বিরুদ্ধে প্রকল্পের টাকা আত্মসাৎ এবং নানা অনিয়ম ও দুর্নীতির

অভিযোগ রয়েছে।

হাটহাজারী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রুহুল আমিন জানান, মির্জাপুরের চেয়ারম্যান ত্রাণের কথা বলে লোকজনকে পরিষদে নিয়ে যান। তাদের ত্রাণ দেওয়ার পর তা আবার কেড়ে নেন। অসহায় ২৬টি পরিবারের লোকজন উপজেলা পরিষদে এসে কান্নাকাটি করতে থাকেন। পরে সরকারের পক্ষ থেকে তাদের ত্রাণ দেওয়া হয়।

মারধরের শিকার কয়েকজন জানান, গতকাল সকালে ত্রাণ দেওয়ার কথা বলে শতাধিক ব্যক্তিকে ইউনিয়ন পরিষদে নিয়ে যান চেয়ারম্যান। এ সময় চেয়ারম্যান নুরুল আবছার ও তার লোকজন ত্রাণ দেওয়ার কথা বলে ছবি তোলেন।

ছবি তোলার পর চেয়ারম্যানের ছোট ভাই মিজানুর রহমান টিপু ও তার লোকজন প্রদান করা ত্রাণগুলো কেড়ে নেয়। এর প্রতিবাদ তারা সবার ওপর হামলা করে। পরে তারা উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয়ে গিয়ে বিক্ষোভ করেন তারা। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা ২৬টি পরিবারকে ত্রাণ দেন।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

নওগাঁর বদলগাছিতে সরকারি ১৪ বস্তা চাল উদ্ধার, আটক ১

নওগাঁর বদলগাছিতে ভিজিডি ও ১০ টাকা কেজি দরের ১৪ বস্তা চাল উদ্ধার করেছে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাহারুল ইসলাম। এ

ঘটনায় সোহেল রানা নামে অভিযুক্ত একজনকে আটক করা হয়েছে। আটক সোহেল রানা বিলাশবাড়ী গ্রামের মৃত আবদুল করিমের ছেলে।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাহারুল ইসলাম জানান, সোমবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে বিলাশবাড়ী গ্রামের সোহেল রানার বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় তার বাড়ি থেকে সরকারি ১৪ বস্তা চাল উদ্ধার করা হয় এবং সরকারি চাল অবৈধভাবে রাখার দায়ে তাকে আটক করা হয়। এছাড়াও উদ্ধারকৃত ১৪ বস্তা চাল বিলাশবাড়ী ইউনিয়ন পরিষদের জিম্মায় রাখা হয়। এ বিষয়ে পুলিশকে আইনগত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানান তিনি।

এ বিষয়ে আটককৃত সোহেল রানা জানায়, সোমবারে সকালে বিলাশবাড়ী গ্রামের সরকারি চাল ডিলার ১০টাকা কেজি চাল বিতরণ করেন। এ সময় তিনি বাজার মূল্যে ১৪ বস্তা চাল ক্রয় করেন। কিন্তু সহকারী কমিশনার (ভূমি) নাহারুল ইসলাম জানান, অবৈধভাবে সরকারি চাল বাড়িতে রাখার অপরাধে তাকে আটক করে।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

বাবা বাসাতেই ছিলেন তবু রক্ষা পাননি: মৃত দুদক পরিচালকের ছেলে

প্রাণঘাতী করোনাভাইরাস কেড়ে নিয়েছে দুর্নীতি দমন কমিশনের (দুদক) পরিচালক জালাল সাইফুর রহমানের জীবন। সোমবার সকালে তার মৃত্যু হয়। তার একমাত্র ছেলে শামীন রহমান ফেসবুকে জানিয়েছেন তার বাবার ও পরিবারের কয়েকটি তথ্য। পাঠকদের জন্য শামীন রহমানের সেই পোস্টটি তুলে ধরা হল:-

‘আমার বাবা (জালাল সাইফুর রহমান, পরিচালক, দুদক) আজকে (সোমবার) সকালে সাড়ে ৭টার দিকে কার্ডিয়াক এরেস্টের কারণে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি…রাজিউন)। উনি গত ৩০ মার্চ করোনাভাইরাসে (কোভিড-
১৯) আক্রান্ত হয়ে উত্তরার কুয়েত মৈত্রী হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

তবে দুঃখের বিষয় এই যে, উনার মৃত্যুর সংবাদ নিয়ে লেখা প্রতিবেদনেও অনেক ভুল-ভ্রান্তি চোখে পড়ে। সে ভুল-ভ্রান্তিগুলো আমি একটু তুলে ধরতে চাই:

১। আমি উনার একমাত্র সন্তান ছিলাম, আমার কোনও ভাই-বোন নেই।
২। আমি এবং আমার আম্মু দুইজনই পরিপূর্ণ রূপে সুস্থ আছি।
৩। আমরা গত ৭ দিন ধরে দুইজনই সেল্ফ আইসোলেশনে আছি, কোনও হাসপাতালে না। আমাদের দুইজনকে আরও ৭ দিন সেল্ফ আইসোলেশনে থাকতে হবে। (সেল্ফ আইসোলেশন বলতে ঘরের মধ্যে নিজেকে আলাদা করে রাখা, কারো সাথে দেখা সাক্ষাৎ কিংবা মেলামেশা না করা।)

সেল্ফ আইসোলেশনের কারণে না বাবার জানাজার অংশ হতে পেরেছি, না উনাকে কবর দেওয়ার অংশ হতে পেরেছি, এর চেয়ে কঠিন কিছু আর নেই। উনাকে আজ (সোমবার) ৪টার দিকে আজিমপুর কবরস্থানে দাফন করা হয়।

উনি একজন সৎ ও নিষ্ঠাবান মানুষ ছিলেন। উনার আত্মার মাগফেরাত কামনা করছি।

আমার বাবা জীবিকার তাগিদে সরকারি আদেশ না আসা পর্যন্ত ২২ মার্চ পর্যন্ত অফিস করেছিলেন তারপর থেকে তিনি বাসাতেই ছিলেন কিন্তু তবুও রক্ষা পাননি। তাই এখনও যারা ঘরে থাকার বিধিনিষেধ মানছেন না, তাদের সবাইকে ঘরে থাকার অনুরোধ জানাচ্ছি। আমি ব্যক্তিগতভাবে চাই না বর্তমানে এই মূহুর্তে আমার এবং আমার পরিবারের উপর দিয়ে যা যাচ্ছে সেটা আমার শত্রুকেও মোকাবেলা করতে হোক।

বি.দ্র. আমার অনেক ফোন আসছে, অনেক ম্যাসেজ আসছে। তাই অনেকের ফোনই ধরতে পারিনি, অনেকের ম্যাসেজেরই সময় মত জবাব দিতে পারছিনা। সে জন্য দুঃখ প্রকাশ করছি।’

সুত্র-মানবকণ্ঠ

পলাশে মসজিদের ইমাম করোনা আক্রান্ত, এলাকা লকডাউন

নরসিংদীর পলাশ উপজেলায় এক মসজিদের ইমাম করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এরপর প্রশাসনের পক্ষ থেকে পুরো এলাকা লকডাউন করা হয়েছে।

সোমবার রাত ১০টার দিকে নরসিংদীর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও নরসিংদী করোনা প্রতিরোধ জরুরি সেলের প্রধান ইমরুল কায়েস এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, আক্রান্ত ব্যক্তি নারায়ণগঞ্জ জেলায় একটি মসজিদে ইমামতি করতেন। তার বাড়ি নরসিংদীর পলাশ উপজেলার ডাঙ্গার ইসলামপুর গ্রামে।

তার করোনা আক্রান্ত হওয়ার খবর পেয়ে নরসিংদীর সিভিল সার্জন ডা. মোহাম্মদ ইব্রাহিম টিটনের নেতৃত্বে চিকিৎসকদের একটি দল ঘটনাস্থলে যায়।

আজ যেকোনো সময় করোনা আক্রান্ত ওই ব্যক্তিকে প্রাতিষ্ঠানিক আইসুলেশনে নেয়া হবে বলেও জানান অতিরিক্ত জেলা প্রশাসক ।

নরসিংদী করোনা প্রতিরোধ জরুরি সেল সূত্রে জানা যায়, করোনা উপসর্গ দেখা দেয়ায় ওই ব্যক্তি নিজেই ৫ এপ্রিল ঢাকায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে নমুনা দিয়ে আসেন। সোমবার তার পজেটিভ আসে।

নরসিংদীর সিভিল সার্জন ডা. মোহাম্মদ ইব্রাহিম টিটনের নেতৃত্বে চিকিৎসক ও নরসিংদীর করোনা প্রতিরোধ জরুরি সেলের লোকজন ও পুলিশ ঘটনাস্থলে গেছেন। তার শারীরিক পরিস্থিতি ভালো। মঙ্গলবার তাকে প্রাতিষ্ঠানিক আইসুলেশনে নেয়া হবে।

সুত্র-যুগান্তর

সন্ধ্যা ৬টার পর সব ধরনের দোকানপাট বন্ধ

ওষুধের দোকান ছাড়া প্রতিদিন সন্ধ্যা ৬টার মধ্যে রাজধানীর কাঁচাবাজার ও সুপারশপসহ সব ধরনের দোকানপাট বন্ধের নির্দেশ দিয়েছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)।

আজ সোমবার ঢাকা মহানগর পুলিশের পক্ষ থেকে সব ইউনিটকে এই নির্দেশনা দেওয়া হয়।

ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-কমিশনার (ডিসি) মাসুদুর রহমান বিষয়টি নিশ্চিত করেন।

মাসুদুর রহমান বলেন, সুপারশপ ও স্বীকৃত কাঁচাবাজারগুলো ভোর ৬টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত চালু রাখা যাবে। পাড়ামহল্লার মুদি দোকানগুলো খোলা থাকবে ভোর ৬টা থেকে দুপুর ২টা পর্যন্ত। চালু থাকবে শুধুমাত্র ওষুধের দোকান।

সুত্র-কালের কণ্ঠ

৩০৬০ কেজি সরকারি চালসহ আটক ২

জয়পুরহাটের আক্কেলপুর উপজেলার রাইকালী বাজার থেকে পাচার করার সময় সরকারি ৩০ কেজি ওজনের ১০২ বস্তা চালসহ দুজনকে আটক করা হয়েছে।

রবিবার রাতে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, আক্কেলপুরের তিলকপুর ইউনিয়নের ভাতকুড়ি গ্রামের আফতাব হোসেনের ছেলে নাছিম মন্ডল (৩৩) ও রায়নগর গ্রামের তোজাম্মেল হোসেনের ছেলে দেলোয়ার হোসেন (৩৫)। তারা স্থানীয় ব্যবসায়ী।

পুলিশ জানায়,আটককৃতরা ৩০ কেজি ওজনের ১০২ বস্তা চাল রবিবার রাতে উপজেলার রায়কালী বাজার থেকে অন্যত্র বিক্রির জন্য পাচারের সময় তাদের আটক করা হয়। জব্দকৃত চালগুলি সরকারি হলেও এগুলো ওএমএস অথবা ভিজিএফ’র কি-না তা যাচাই করা হচ্ছে।
পুলিশ সুপার মোহাম্মদ সালাম কবির চালসহ দু’জনকে আটক করার বিষয়টি নিশ্চিত করে বলেন,সরকারি চালগুলি ওএমএস নাকি ভিজিএফ’র তা তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে আক্কেলপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু ওবায়েদ জানান, আটককৃতদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে একটি মামলা দায়ের করে আদালতের মাধ্যমে জেলা হাজতে পাঠানো হবে।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন